
# শিক্ষানবীশ পালকদের প্রশিক্ষকের জন্য নির্দেশাবলী

Download P-T studies freely from www.Paul-Timothy.net.

**প্রশিক্ষকের প্রার্থনা ঃ**

প্রিয় প্রভু, নতুন পালকদের তোমার বাক্য দ্বারা শিক্ষা দিতে আমাদের সাহায্য কর, যাতে তুমি তাদের যে দল দিয়েছ, তারা সেই দলকে তোমার পবিত্র আত্মার শক্তিতে পরিচালিত করতে পারেন।




আমাদের ত্রাণকর্তা প্রভু যীশু খ্রীষ্টের নামে এই প্রার্থনা চাই। আমেন।

**নির্দেশ ১. তিনটি প্রশিক্ষণ পদ্ধতিতে নতুন পালকদের প্রশিক্ষণ**

আদর্শদান, পরামর্শ দান এবং শ্রেণীকক্ষ বক্তৃতার মধ্যে ভারসাম্য বজায় রাখা।


যীশু এবং অন্যান্য প্রেরিতদের মত নতুন পালকদের এমনভাবে শিক্ষা দিন যাতে তারা এই তিনটি প্রশিক্ষণ পদ্ধতির মধ্যে স্বাস্থ্যকর ভারসাম্য বজায় রাখার মাধ্যমে তাদের দলকে বহুগুণ বৃদ্ধি করার বিষয় নিশ্চিত হতে পারে।

প্রথম পদ্ধতি ঃ মেষপালকদের জন্য দক্ষতার আদর্শ



সপ্তাহব্যাপী নতুন নেতাদের জন্য মেষপালনের দক্ষতার বিষয়টির ব্যাখ্যা প্রদর্শন করুন।

দ্বিতীয় পদ্ধতি ঃ ক্ষুদ্র দলদের পরামর্শ দিন



ছোট ছোট দলের সঙ্গে মিলিত হন, যাতে তাদের প্রত্যেকের কাছ থেকে তাদের দল কি করছে সেই বিষয়ে বিবরণ শুনতে পান। তারপর প্রতিটি দলের প্রয়োজন অনুসারে ঈশ্বরের বাক্য প্রয়োগ করুন। প্রশিক্ষার্থীদের পরবর্তী সপ্তাহে তারা এবং তাদের দল কি করবে সেই বিষয়ে পরিকল্পনা করতে সাহায্য করুন।

তৃতীয় পদ্ধতি ঃ বড় দলকে বক্তৃতা দিন



বড় দলের জন্য মাঝে মধ্যে সেমিনারে শিক্ষা দিন।

এখন আমরা এই তিনটে পদ্ধতি ব্যাখ্যা করব

**পদ্ধতি ১ ঃ শিক্ষানবীশদের জন্য দলকে পরিচালিত করার আদর্শ**

পালকীয় তত্ত্বাবধানের বিষয় এবং অন্যান্য যে বিষয়গুলো শিক্ষানবীশগণ এখন জানেন না, তার ব্যাখ্যা প্রদর্শন করুন। সেই একইভাবে যা যীশু এবং তাঁর প্রেরিতগণ শিষ্যদের শিক্ষা দান, আরোগ্য এবং পরামর্শদানের মাধ্যমে পালকীয় দক্ষতার বিষয়গুলোর আদর্শ তৈরী করেছিলেন।

সপ্তাহব্যাপী কাজ করার সময় পালকীয় দক্ষতার বিষয়গুলো প্রদর্শন করুন। কেবলমাত্র আরাধনার সময় করবেন না। অনেক সময় প্রশিক্ষক যখন তাঁর নিজের দলকে তত্ত্বাবধান করবেন তখন প্রশিক্ষার্থীগণ তাঁর সঙ্গ দেবেন এবং পর্যবেক্ষণ করবেন। কিছু সময় প্রশিক্ষক তাঁর প্রশিক্ষার্থীদের কাছে যাবেন এবং তাদের নতুন দলের তত্ত্বাবধান করতে সাহায্য করবেন।

**পদ্ধতি ২ ঃ ক্ষুদ্র ক্ষুদ্র দলকে স্থানীয়ভাবে পরামর্শ দান।**

দুই থেকে পাঁচজনের ক্ষুদ্র দলে প্রশিক্ষার্থীগণ মিলিত হবেন। তাদের দলকে ক্ষুদ্র হওয়া প্রয়োজন, কারণ প্রতিটি প্রশিক্ষার্থী তাদের উপাসক মণ্ডলীর বিভিন্ন প্রয়োজন ও সুযোগগুলোর বিষয় কি কাজ করছেন সেই বিষয়ে প্রশিক্ষককে প্রত্যেকর কার্যবিবরণী শুনতে হবে। সাধারণত একটি দুটি অথবা তিনটি উপাসক মণ্ডলীর প্রশিক্ষার্থী পরামর্শদাতার সঙ্গে মিলিত হন।

**পদ্ধতি ৩ ঃ সাধারণ সত্যগুলো শিক্ষা দিন যা বড় সভাগুলোতে সমস্ত উপাসক মণ্ডলীর প্রতি প্রয়োগ করা যায়।**

সম্ভব হলে, সমস্ত পালকের প্রতি প্রয়োগ করা যায় এমন শিক্ষা দানের জন্য বৃহত্তর অঞ্চল থেকে বড় দলদের একত্রিত করুন।

**আপনার পরিকল্পনাগুলো লিখুন**

প্রথমে প্রার্থনা করুন, তারপর যীশু ও তাঁর প্রেরিতগণ যে তিনটি উপায়ে শিক্ষা দিয়েছিলেন, তার মধ্যে ভারসাম্য রক্ষার পরিকল্পনা করুন।

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

**নির্দেশ ২. প্রশিক্ষার্থীদের দলের মধ্যে যে বিষয়গুলোর অভাব আছে সেই অধ্যয়ণগুলো মনোনীত করুন।**

- প্রশিক্ষক এবং প্রশিক্ষার্থীগণ ক্ষুদ্র ক্ষুদ্র দলে মিলিত হবেন এবং পৌল-তীমথিয় ব্যবহারিক তালিকা থেকে অধ্যয়ণগুলো মনোনীত করবেন।
- পৌল-তীমথিয় ব্যবহারিক তালিকা থেকে পরিচর্যার তালিকা এবং নিম্নলিখিত কয়েকটি অধ্যয়ণের নমুনা ব্যবহার করে যথাযথ অধ্যয়ণগুলো মনোনীত করার অনুশীলন করুন। আপনার দলের মধ্যে যে কাজগুলোর অভাব আছে এবং যে বিষয়গুলোর উন্নতির প্রয়োজন, সেগুলো বন্ধনীর মধ্যে টিক্ চিহ্ন দিন।

**পরিচর্যাসমূহ এবং অধ্যয়ণের নমুনা সমূহ (ব্যবহারিক তালিকা থেকে)**

| **পরিচর্যাসমূহ**<br>(নতুন নিয়মের দ্বারা প্রয়োজনীয় উপাসক মণ্ডলীর কার্যকলাপ সমূহ) | **নতুনপালকদের জন্য অধ্যয়ণের নমুনাসমূহ**<br>(প্রতিটি পরিচর্যার জন্য অসংখ্য অধ্যয়ণের মধ্যে মাত্র একটি অধ্যয়ণ এই তালিকার অন্তর্ভূক্ত করা হয়েছে) |
|---|---|
| ( ) পৌল-তীমথি নেতা প্রশিক্ষণের ভূমিকা | নতুন প্রশিক্ষকদের জন্য নির্দেশাবলী *A0f* |
| ( ) আশ্বাস, পরামর্শ এবং পরিদর্শন | ভয় ও লজ্জার থেকে উর্ত্তীর্ণ হওয়া *A2a* |
| ( ) বাইবেল সমীক্ষা, ব্যাখ্যা এবং প্রয়োগ | আদি পুস্তক এবং কুলপতিসমূহ *P2a* |
| ( ) মণ্ডলী প্রতিষ্ঠা, ক্ষুদ্র দলের বৃদ্ধি (কোষ) | নতুন উপাসক মণ্ডলী এবং কোষের সূচনা *C7a* |
| ( ) শিষ্য-তৈরী, যীশুর প্রতি বাধ্যতা | আমাদের মহান রাজা যীশুর প্রতি বাধ্য হওয়া *F3a* |
| ( ) সুসমাচার প্রচার, বাপ্তিস্ম, পরিত্রাণ | পরাক্রমের সঙ্গে যীশুর জন্য সাক্ষ্য দান *P5a* |
| ( ) দান, ধনাধ্যক্ষতা | বার্ণবা, এক উদার দাতা *G1a* |
| ( ) খ্রীষ্টে বৃদ্ধি, রূপান্তরিত চরিত্র | রূপান্তরিত এবং ধার্মিক চরিত্র *C1a* |
| ( ) মহাগুরুত্বপূর্ণ ঐতিহাসিক ঘটনা সমূহ | খ্রীষ্ট ধর্মের ইতিহাস, প্রথম ৪০০ বছর *H4a1* |
| ( ) প্রেম, পারিবারিক জীবন, অন্যদের সেবা | অন্যদের সাহায্যের মাধ্যমে করুণা প্রদর্শন *L4a* |
| ( ) মিশনস্, বিভিন্ন সংস্কৃতিতে কাজ করা | অবহেলিত লোকদের কাছে মিশনারী প্রেরণ *S2a* |
| ( ) সংগঠিত করা এবং পরিচালনা | ঈশ্বর প্রদত্ত আত্মিক দান দ্বারা সেবা করা *S6a* |
| ( ) প্রার্থনা, বিশ্বাস এবং আরোগ্য দান | যীশুর নামে আরোগ্য দান *H2a* |
| ( ) বাইবেল সম্মত শিক্ষা দান এবং গল্প কথন | বাইবেল সম্মতভাবে শিশুদের শিক্ষা দান *T1a* |
| ( ) নেতাদের প্রশিক্ষণ, পরামর্শ দান | যীশু ও পৌলের মত নতুন নেতাদের শিক্ষাদান *T3a* |
| ( ) আরাধনা, প্রভুর ভোজ, বিশেষ পর্ব উদ্‌যাপন | হারোণ এবং অন্যান্য আরাধনার নের্তৃবর্গ *W2a* |

একজন উত্তম প্রশিক্ষক নতুন বিশ্বাসীদের দলে পালনকারী প্রাচীনদের পদ দান করেন এবং প্রশিক্ষণ দেন। তিনি প্রতিটি দলে যে বিষয়ের অভাব আছে সেই সমস্ত কাজ করতে লোকদের পরিচালিত করার জন্য প্রশিক্ষার্থীদের সাহায্য করেন (তীত ১ঃ৫)। উপাসক মণ্ডলীগুলোর কি অভাব আছে তা জনার জন্য প্রথমে প্রশিক্ষার্থীদের কাছ থেকে শুনুন তাদের দল কি কি করছেন এবং কি কি করছেন না।



**"আমাদের প্রশিক্ষকদের যাদের আমরা প্রশিক্ষণ দিচ্ছি প্রথমে তাদের কথা উত্তমরূপে শ্রবণ করতে হবে"**

- পৌল তীমথিয় প্রশিক্ষণ কোন 'সরলরৈখিক' পাঠ্যসূচী অনুসরণ করে না, যার মাধ্যমে শিক্ষার্থীগণ একটি বিষয় শুরু করে দ্বিতীয় বিষয়টিতে অগ্রসর হবে এবং এইভাবে শেষ বিষয়ে পৌঁছাবে। বরং আপনাকে বিভিন্ন বিষয়ের মধ্যে থেকে বর্তমান প্রয়োজনের সঙ্গে মানানসই বিষয়টি মনোনীত করতে হবে। মথি ১৩ঃ৫২ পদে, যীশু শিক্ষকদের বৈচিত্রপূর্ণ বিষয়গুলো ব্যবহার করতে অনুরোধ করেছিলেন, "এই জন্য স্বর্গরাজ্যের সম্বন্ধে শিক্ষিত প্রত্যেক অধ্যাপক এমন গৃহকর্তার তুল্য, যে আপন ভাণ্ডার হইতে নূতন ও পুরাতন দ্রব্য বাহির করে।"

- প্রতিটি অধ্যয়ণের বিন্যাসে নতুন পালকদের জন্য এবং শিশুদের জন্য একই অধ্যয়ণের বিষয় অন্তর্ভূক্ত আছে।

## আপনার পরিকল্পনাগুলো লিখুন

আপনার দলকে অথবা নতুন দলকে পালকীয় কাজে সাহায্য করার জন্য কাদের আপনি পরামর্শদানের জন্য এবং প্রশিক্ষণের জন্য পরিকল্পনা করেছেন ?

_______________________________________________

কিভাবে আপনি আপনার শিক্ষানবীশদের তাদের নিজস্ব পরিবারকে এবং অন্যদের, যাদের তারা খ্রীষ্টের জন্য জয় করেছেন তাদের পরিচালনা করতে সাহায্য করবেন ?

_______________________________________________

_______________________________________________


_______________________________________________

_______________________________________________

যদি আপনাকে কেউ পরামর্শ দেন, তবে আপনি পরিচর্যার তালিকায় কোন প্রয়োজনগুলোতে টিক দিয়েছেন তা তাকে জানান। তাহলে তিনি আপনাকে সেই প্রয়োজনের সঙ্গে সম্বন্ধযুক্ত অধ্যয়ণ এবং দক্ষতার প্রশিক্ষণ দিতে সাহায্য করতে পারবেন।

আপনি যে পরিচর্যা কাজ মনোনীত করেছেন তার সঙ্গে সম্বন্ধযুক্ত অধ্যয়ণটির ক্রমিক সংখ্যা কি ? (অধ্যয়ণের নামের পরে অধ্যয়ণের সংখ্যা প্রদত্ত হয়েছে।) ____________

# নির্দেশ ৩. শাস্ত্রানুসারে একই বিষয়ে পরামর্শ দিন



কিভাবে প্রশিক্ষণ দিতে হবে সেই বিষয়ে যীশু এবং পৌল আমাদের আদর্শ। যীশু ও পৌল নেতাদের প্রশিক্ষণের জন্য যে নীতি সম্পর্কিত নির্দেশাবলী ব্যবহার করেছিলেন, আমরাও সেই নির্দেশগুলো অনুসরণ করি। নতুন পালকেরা মাসে একবার বা দুবার পরামর্শদাতাদের সঙ্গে মিলিত হবেন, যারা তাদের কথা শুনবেন এবং নতুন দলের প্রয়োজনগুলো খুঁজে বের করবেন। পরামর্শদাতা তৎক্ষণাৎ তাদের প্রয়োজনের বিষয়গুলো নিয়ে কাজ করার জন্য তাদের প্রস্তুত করবেন। দলটি যখন নতুন থাকবে, তখন প্রশিক্ষককে মাঝে মাঝেই পরামর্শদাতার সঙ্গে মিলিত হতে হবে।

- পরামর্শদাতা প্রধানতঃ নতুন পালকদেরই পরামর্শ দেবেন। পরিপক্ক নেতারা মাঝে মাঝে বিভিন্ন সেমিনারে তাদের শিক্ষণের জন্য যোগদান করবেন, যখন তাদের কোন বিশেষ ঘটনার মোকাবিলা করার জন্য অভিজ্ঞ লোকের উপদেশের প্রয়োজন হবে।
- ২ তীমথিয় ২ঃ২ পদ অনুসারে একজন পরামর্শদাতা নতুন দলের পালকদের পরামর্শ দেবেন যাতে তার দল উন্নত হতে পারে।
- একজন পরামর্শদাতাকে অনেক প্রাচীন, উচ্চ অভিজ্ঞতা সম্পন্ন নেতা না হলেও চলবে। তিনি যাদের পরামর্শ দিচ্ছেন তাদের থেকে শিক্ষায় একমাস এগিয়ে থাকলেও হবে। এর ফলে আরও ভাল কাজ হবে, কারণ নতুন কর্মীদের যে অভাব বা প্রয়োজন থাকে, এই পরামর্শদাতা খুব সহজেই সেই প্রয়োজনের বিষয় সহানুভূতিশীল হতে পারেন। এই বিষয়ে, পরামর্শদাতাকে আরও অভিজ্ঞ পরামর্শদাতার সঙ্গে সাক্ষাৎ করা উচিৎ।

পৌল তীমথি অধ্যয়ণের ক্ষেত্রে পরামর্শ দানের বিষয়টি অত্যন্ত সহজ। শিক্ষানবীশ পালকেরা নতুন পালকদের পরামর্শ দিতে পারেন, আপনি যদি তাদের নতুন দলকে নিয়ে কাজ করার উপকরণগুলো দেন। পৌল তীমথিয় অধ্যয়ণের মত উপকরণগুলো ব্যবহার করুন। এই উপকরণগুলো প্রশিক্ষার্থীদের ভাষায় অনুবাদ করুন। পরামর্শ দানের বিষয়টি সাধারণতঃ অস্থায়ী। নতুন উপাসকমণ্ডলীর নতুন বিশ্বাসীদের নতুন পালকেরা 'শিশু দলের' 'শিশু' নেতাদের অনুরূপ। তাদের সর্বদা কোন না কোন পরামর্শের প্রয়োজন হয়, যেমন, নবজাত শিশুদের তাদের জরুরী প্রয়োজনগুলোর জন্য সর্ব্বদা যত্নের প্রয়োজন হয়।



- নতুন নেতাদের যথাযথভাবে পরামর্শদানের জন্য যথেষ্ট সময়ের প্রয়োজন। এই কারণেই আপনার মাঝে মাঝে বড় দলের জন্য সেমিনারের ব্যবস্থা করা উচিৎ। পৌল দীর্ঘসময় তীমথিয় ও তীতকে পরামর্শদানের জন্য পিতার ন্যায় তত্ত্বাবধান করেছিলেন। তারা যখন পরিপক্ক হয়েছিলেন, যখন তাদের আর খুব বেশী পরামর্শ গ্রহণের প্রয়োজন ছিল না, তখন পৌল তাদের অন্যদের প্রশিক্ষণের জন্য প্রেরণ করেছিলেন।
- তীমথিয় ও তীত পৌলের কাছ থেকে পরামর্শ গ্রহণের সমাপ্তির পর, তারা আবার শিক্ষানবীশ নেতাদের কাছে সেই শিক্ষাগুলো সরবরাহ করেছিলেন। এর ফলে পরামর্শদানের একটি শৃঙ্খল তৈরী হয়েছিল। নবজাত শিশুদের যেমন অধিক ব্যক্তিগত মনোযোগের প্রয়োজন হয়, নতুন নেতাদের এবং নতুন মণ্ডলীরও সেইভাবে পরামর্শের প্রয়োজন হয়, যতক্ষণ না তারা নতুন নিয়মের চাহিদা অনুসারে কাজ করতে পারেন।

## আপনার পরিকল্পনাগুলো লিখুন

আপনি কাকে পরামর্শ দিতে শুরু করবেন ? ____________________

কখন আপনি শুরু করবেন ? ____________________

### নির্দেশ ৪. কোন একজনের কাছে দায়বদ্ধ হন, এবং অন্যদেরও দায়বদ্ধতা দান করুন

প্রভুর কাছে একজন নেতাকে অবশ্যই অন্য নেতাদের কাছে দায়বদ্ধ থাকতে হবে। আপনাকে এবং অন্য নেতাদের অবশ্যই পরস্পরের পরিচর্যার কাজকে পরীক্ষা করা উচিৎ, অন্যদের নিয়ন্ত্রণ করার জন্য নয়, কিন্তু পরস্পরের পরিচর্যা কাজকে উন্নত করতে সাহায্য করার জন্য।

এই ধরনের দায়বদ্ধতা সমস্ত অংশ গ্রহণকারীদের কাছে আনন্দপূর্ণ হয়, যদি তারা পরস্পরকে প্রেম করেন।

মাঝেমধ্যে আপনার অন্য নেতাদের সঙ্গে সাক্ষাৎ করা উচিৎ এবং আপনি কি করছেন সেই বিষয়ে তাদের বলা উচিৎ। অন্য নেতাদের দ্বারা আপনার কাজের পরীক্ষা না করে লোকদের পরিচালনা করার বিষয়টি অবহেলা জনিত পাপে নষ্ট হয়ে যেতে পারে।

পৌল প্রথমে যিরূশালেমের অন্য নেতাদের কাছে দায়বদ্ধ ছিলেন (গালা ২ঃ১-২)

পরবর্তী সময়ে, পৌল এবং বার্ণবা আন্তিয়োখিয়া মণ্ডলীর কাছে তাদের কাজের বিবরণ পেশ করতেন, যারা তাদের অন্য জাতিদের কাছে প্রেরণ করেছিলেন (প্রেরিত ১৩ঃ১-৩ এবং ১৪ঃ২৬-২৮)।

আপনার এবং অন্য নেতাদের পরস্পরকে সংশোধন করা উচিৎ (কল ৩ঃ১৬) এবং পরস্পরের কাছে দোষ স্বীকার করা উচিৎ (যাকোর ৫ঃ১৬)। আপনার অন্য নেতাদের উপদেশে মনোযোগ দেওয়া উচিৎ এবং তাদের সমালোচনা শোনা উচিৎ।

সমস্ত পালকদের এই ধরনের তত্ত্বাবধানের প্রয়োজন আছে, যার দ্বারা নেতারা নিশ্চিত হতে পারবেন যে তাদের পরস্পরের কার্যাবলী বাইবেল সম্মত আছে কি না। ইহা আপনার নেতৃত্বের দক্ষতায় সাহায্য করবে এবং লোকদের ওপর স্বার্থপর, অপব্যবহার যুক্ত কাজ এড়িয়ে চলতে সাহায্য করবে।

### আপনার পরিকল্পনাগুলো লিখুন

**আপনাকে কে পরামর্শ দেবেন? ________________________________________**

**প্রথমে আপনাকে কতবার সাক্ষাৎ করতে হবে?**


__________________________________________________________

আপনার যদি পরামর্শদাতা না থাকেন, তবে যারা পৌল-তীমথিয় অধ্যয়ণ ব্যবহার করছেন, তাদের সঙ্গে ব্যবস্থা করুন। যদি আপনি এই ধরনের কোন ব্যক্তিকে খুঁজে না পান, তবে ২ তীমথিয় ২ঃ২ পদে পৌল তীমথিয়কে যেভাবে বলেছিলেন, সেইভাবে অন্যদের প্রশিক্ষণ দানের মাধ্যমে পরামর্শ শৃঙ্খল শুরু করুন।

# নির্দেশ ৫. বহুগুণ বৃদ্ধির জন্য বাইবেলের নির্দেশাবলী অনুসরণ

যেখানে যেখানে প্রেরিতগণ যীশুর নির্দেশ অনুসারে শিষ্য তৈরী করেছিলেন সেখানেই উপাসক মণ্ডলী বহুগুণ বৃদ্ধি লাভ করেছিল। আজকের দিনেও পালকেরা যখন যীশুর আদেশের প্রতি বাধ্যতার উপর ভিত্তি স্থাপন করেন, তখন ঈশ্বর একই কাজ করেন। আপনাকে অবশ্যই আপনার নিজের দলকে শিক্ষা দিতে হবে এবং নতুন দলের নতুন নেতাদের প্রশিক্ষণ দিতে হবে, ঠিক যেভাবে যীশু এবং তাঁর প্রেরিতগণ কাজ করেছিলেন। উদাহরণ, পৌল তীমথিয়কে পরামর্শ দিয়েছিলেন, যিনি বিশ্বস্ত লোকদের প্রশিক্ষণ দিয়েছিলেন, যারা আবার অন্যদের প্রশিক্ষণ দিয়েছিলেন (২ তীম ২ঃ২); এর ফলে অসংখ্য নতুন উপাসক মণ্ডলী তৈরী হয়েছিল।

যীশু এবং তাঁর প্রেরিতগণ প্রধানত পরামর্শ দানের মাধ্যমেই নতুন নেতা তৈরী করেছিলেন। পরামর্শ দানের বিষয়টি আপনাকে নেতাদের শিক্ষা দানের বিষয়টিকে অনুমোদন করে, যাতে যত দ্রুত সম্ভব উপাসক মণ্ডলী বৃদ্ধি লাভ করতে পারে, কারণ প্রতিটি শিক্ষানবীশ উপাসক মণ্ডলীর নতুন পালকদের প্রশিক্ষণ দেন, যাতে তিনি অথবা তার দল শুরু করতে সাহায্য করতে পারেন।



নতুন পালকেরা তাদের থেকে অধিক অভিজ্ঞতা সম্পন্ন পরামর্শ দাতার পালকত্ব দক্ষতার আদর্শ পর্যবেক্ষণ করেন এবং তিনি যাদের সেবা করছেন তাদের প্রতি ঈশ্বরের বাক্য প্রয়োগ করেন, তারপর তাঁকে অনুসরণ করেন, (১ করি ১১ঃ১)।

যীশু তাঁর রাজ্যে বৃদ্ধি এবং বহুগুণ বৃদ্ধির বিষয়টিকে গাছের সঙ্গে তুলনা করেছিলেন। আমরা যদি উত্তম ভূমিতে বীজ বপন করি, তবে ইহা শতগুণ ফল দেয় (মার্ক ৪)।

প্রতিটি প্রশিক্ষার্থী নতুন পালকদের দ্রুত পরামর্শ দিচ্ছেন কিনা সেই বিষয়ে নিশ্চিত হন, যাতে দলটি স্বাভাবিকভাবে দ্রুত বৃদ্ধি লাভ করতে পারে। সুসমাচার প্রসারের সঙ্গে সঙ্গে প্রশিক্ষণ চলতে থাকবে। ঐকান্তিক আগ্রহপূর্ণ প্রার্থনা, সুসমাচার প্রসার এবং ঈশ্বরের সাহায্যে, আপনি আপনার কর্মীদের এবং তাদের উপাসক মণ্ডলীকে বৃদ্ধি করতে পারবেন।



আগ্রহী লোকদের অন্বেষণ করুন। যেখানে লোকেরা সুসমাচার প্রত্যাখ্যান করবে, সেখানে যীশু আদেশ দিয়েছেন, আমাদের পায়ের 'ধূলো ঝেড়ে' সেই স্থান পরিত্যাগ করতে। এর অর্থ এই নয় যে আমাদের বাড়ীঘর ছেড়ে চলে আসতে হবে, কিন্তু ঈশ্বর যাদের প্রস্তুত করেছেন তাদের অন্বেষণ করতে হবে। সাধারণত দরিদ্র শ্রেণী সুসমাচারের প্রতি অধিক আগ্রহী হন।

যীশু ও প্রেরিতগণ যেভাবে পরামর্শ দিয়েছিলেন তা অত্যন্ত শক্তিশালী এবং দলকে বহুগুণ বৃদ্ধি করতে সক্ষম। যীশু প্রেরিতদের সত্যের একটি 'মোড়ক' দিয়েছিলেন যা এত হালকা যে সহজেই অন্যদের কাছে দিয়ে দেওয়া যায়, এটা অনেকটা রীলে রেসের মত।

কার্যকরী নেতা তৈরীর জন্য এবং উপাসক মণ্ডলীর বহুগুণ বৃদ্ধির জন্য যাতে ব্যাটনটি (লাঠি) অন্যদের কাছে সহজেই দেওয়া যায়, তার জন্য পরামর্শদাতা এবং প্রশিক্ষার্থীদের মধ্যে যত্নের সম্পর্ক ব্যবহার করে ছিলেন।

একজন উত্তম পরামর্শদাতা এমন পদ্ধতিতে নতুন নেতাদের প্রশিক্ষণ দেন যাতে তারা সহজেই তা অনুকরণ করতে পারেন, যার দ্বারা তারা অন্য নতুন পালকদের প্রশিক্ষণ দিতে পারেন। আপনি যখন প্রশিক্ষার্থীদের দক্ষতায় শিক্ষা দেবেন, তখন এমন কোন যন্ত্র বা উপকরণ ব্যবহার করবেন না যা তাদের কাছে নেই।

শাস্ত্রের এই পরামর্শ দানের বিষয়টির ফলে বহু প্রজন্মের পরামর্শ দানের শৃঙ্খল তৈরী হয়েছে, যার শিক্ষানবীশগণ অন্যদের পরামর্শ দেন এবং শৃঙ্খলটি এইভাবে চলতে থাকে, উদাহরণে এই বিষয়গুলো অন্তর্ভূক্ত আছেঃ

**যিথ্রো** মোশিকে পরামর্শ দিয়েছিলেন।

**মোশি** যিহোশূয় এবং ইস্রায়েলের প্রাচীনদের পরামর্শ দিয়েছিলেন। ঈশ্বর প্রধানত নতুন পদাধিকারী প্রাচীনদের ব্যবহারের জন্য দশ আজ্ঞাটি দিয়েছিলেন। লোকদের পালকত্ব করার বিষয়টি দশজনের একটি ক্ষুদ্র দলের মধ্যে শুরু হয়েছিল (যাত্রা ১৮-২০ অধ্যায়)।

**যিহোশূয়** অন্য সৈন্য বাহিনীর নেতাদের পরামর্শ দিয়েছিলেন।

**দবোরা** বারাক্‌কে পরামর্শ দিয়েছিলেন। যার ফলে বারাক্ ঈশ্বরের জন্য মহান সৈন্যবাহিনীর জয় লাভ করেছিলেন।

**এলি শমূয়েলকে** পরামর্শ দিয়েছিলেন।

**শমূয়েল** শৌল এবং দায়ূদকে পরামর্শ দিয়েছিলেন, যারা ইস্রায়েলের মহান রাজা হয়েছিলেন।

**অহিথোফল এবং নাথন** ভাববাদীও দায়ূদকে পরামর্শ দিয়েছিলেন।

**দায়ূদ** তার সেনাধ্যক্ষদের এবং শাসনকর্তাদের ইস্রায়েলের যুক্তরাষ্ট্র গঠনের পরামর্শ দিয়েছিলেন।

**দায়ূদ** তাঁর পুত্র শলোমনকেও পরামর্শ দিয়েছিলেন।

**শলোমন** শেবার রানীকে পরামর্শ দিয়েছিলেন। তিনি তাঁর কাছ থেকে ঈশ্বরের ব্যবস্থা প্রয়োগের জন্য 'হিতোপদেশের' আকারে প্রজ্ঞা নিয়ে তার লোকদের কাছে ফিরে এসেছিলেন।

**এলিয়** ইলীশাকে পরামর্শ দিয়েছিলেন।

**ইলীশা** রাজা যোহায়সকে এবং অন্যদের পরামর্শ দিয়েছিলেন।

**দানিয়েল** রাজা নবূখদ্‌নিৎসরকে পরামর্শ দিয়েছিলেন। পরবর্তী সময়ে রাজা নিজেকে ঈশ্বরের সম্মুখে নম্র করেছিলেন।

**মর্দখয়** ইষ্টেরকেপরামর্শ দিয়েছিলেন।

**ইষ্টের** রাজা অহশ্বেরসকে পরামর্শ দিয়েছিলেন। যার ফলে তিনি ঈশ্বরের লোকদের মুক্ত করেছিলেন।

**যীশু** তাঁর বারজন শিষ্যকে পরামর্শ দিয়েছিলেন। তারা প্রথম খ্রীষ্টিয়ান উপাসক মণ্ডলী শুরু করেছিলেন।

**বারজন প্রেরিতগণ** পৌলকে এবং আরও শত শত নেতাদের পরামর্শ দিয়েছিলেন।

**পৌল** তীত, তীমথিয় এবং আরও অন্যদের পরামর্শ দিয়েছিলেন।

**তীমথিয়** ইপাফ্রা এবং অন্যান্য 'বিশ্বস্ত লোকদের' পরামর্শ দিয়েছিলেন।

**ইপাফ্রা** এবং অন্যান্য বিশ্বস্ত লোকেরা ''আরও অন্যদের'' পরামর্শ দিয়েছিলেন(২ তীম ২:২) যা একটি শৃঙ্খলযুক্ত প্রতিক্রিয়ায় পরিচালিত হয়েছিল, যার ফলে এশিয়ার অসংখ্য উপাসক মণ্ডলী তৈরী হয়েছিল।

**ফিলিপ** ইথিয়পীয়ার অধ্যক্ষকে পরামর্শ দিয়েছিলেন। যার ফলে পরিচর্যা কাজ উন্নত হয়েছিল এবং নতুন দল শুরু হয়েছিল।

## আপনার পরিকল্পনা লিখুন

আপনি যদি প্রচলিত শ্রেণীকক্ষ পদ্ধতি ছাড়া অন্য কোনও ভাবে কখন লোকদের শিক্ষা দিয়ে না থাকেন, তবে অনুগ্রহ করে কয়েক মুহূর্ত প্রার্থনা করুন এবং প্রভুকে আপনাকে সাহায্য করতে বলুন।

যদি আপনার সময়সূচীতে পরামর্শ দান করার মত সময় যোগ করতে আপনি অক্ষম হন, তবে প্রভুর কাছে আপনি যাচ্ঞা করুণ কার ওপর আপনি সেই দায়িত্ব দেবেন, যাতে যীশু এবং প্রেরিতগণ যেভাবে শিক্ষা দিয়েছিলেন আপনার দলও সেইভাবে নেতাদের প্রশিক্ষণ লাভ করতে পারেন।


২ তীমথিয় ২:২ পদ অনুসারে, একই কর্মীগণ প্রশিক্ষার্থী হয়ে প্রশিক্ষণ লাভ করতে পারেন এবং একই সময় তারা প্রশিক্ষক হয়ে নতুন কর্মীদের প্রশিক্ষণ দিতে পারেন। এই ধরণের প্রশিক্ষণ আপনার দলকে এবং নতুন দলকে নতুন নেতা উৎপাদনের মত বৃদ্ধিসম্পন্ন দল করতে সক্ষম হবে যা খ্রীষ্টের প্রতি এক ব্যাপক প্রসারণযুক্ত আন্দোলন বজায় রাখতে সক্ষম হবে। আপনি যাদের প্রশিক্ষণ দিচ্ছেন তাদের দ্রুত অন্যদের প্রশিক্ষণ দেওয়া শুরু করা উচিৎ। আপনার যদি জানা থাকে তবে তারা যাদের প্রশিক্ষণ দিতে পারেন, তাদের নাম লিখুন। যদি আপনার এখনও তাদের নাম জানা না থাকে তবে অনুগ্রহ করে তাদের খুঁজুন।

---

আপনাকে পালকীয় কাজে সাহায্য করতে পারেন এমন লোকদের নাম লিখুন, যারাও প্রশিক্ষক হতে পারেন

---

## নির্দেশ ৬. বিবাহিত নেতৃবর্গের অবশ্যই তাদের স্ত্রী ও সন্তানদের তত্ত্বাবধান করা উচিৎ



পৌল সতর্ক করে বলেছেন, যে বিশ্বাসী তার পরিবারকে তত্ত্বাবধান করতে ব্যর্থ হন, তিনি।

তার বিশ্বাসীকে অস্বীকার করেন এবং তিনি তার অবিশ্বাসীদের থেকেও খারাপ (১ তীম ৫ঃ৮)।

একজন প্রকৃত পালক তাঁর পরিবারের তত্ত্বাবধান করার দ্বারা তাঁর পালকীয় কাজ শুরু করেন।


অসংখ্য উপাসকমণ্ডলী এবং পরিবারকে কষ্টভোগ করতে হয়, কারণ তাদের পালক অন্যলোকদের সঙ্গে অধিক সময় ব্যয় করেন এবং নিজেদের স্ত্রী ও সন্তানদের অবহেলা করেন।

### আপনার পরিকল্পনাগুলো লিখুন

আপনি যে আপনার স্ত্রী এবং শিশুদের যত্ন করেছেন, সেই বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য আপনি কি কি করবেন ?

## নির্দেশ ৭. প্রশিক্ষার্থীদের 'সোনা' এবং ঈশ্বরের বাক্য আবিষ্কাব করতে দিন

পালকদের অক্রিয় 'শ্রোতামাত্র' অথবা সাধারণ পাঠক না হয়ে সক্রিয় শিক্ষার্থী হতে সাহায্য করুন। একজন পালকের প্রতিটি খুঁটিনাটি বিষয় শিক্ষার জন্য অন্য কারও ওপর নির্ভর করার পরিবর্তে তাঁর দলের প্রয়োজনগুলোর বিষয় তাঁকে সত্যগুলো আবিষ্কার করতে দিন।




শিক্ষার্থীগণ নিজেরা যে বিষয়গুলো শিখতে পারেন, সেই বিষয়গুলো তাদের শিখাবেন না।

ঈশ্বর তাঁর কাছে কি চান বা তাঁর দলকে দিয়ে কি কাজ করাতে চান সেই বিষয়ে তাঁকে চিন্তা করতে সাহায্য করতে পারে এমন প্রশ্ন জিজ্ঞাসা করুন। বাইবেল থেকে এই বিষয়গুলো খুঁজে বের করতে পৌল-তীমথি অধ্যয়ণগুলো তাঁকে পরামর্শ দেয়।

# নির্দেশ ৮. পরামর্শদানের অধিবেশনে করণীয় পাঁচটি বিষয়

এই পাঁচটি বিষয় হল প্রার্থনা, শ্রবণ, পরিকল্পনা, পর্যালোচনা, এবং প্রদত্ত কাজ।

**১) প্রশিক্ষণ অধিবেশনের পূর্বে, অধিবেশন চলাকালীন এবং পরে প্রার্থনা করুন।**

অধিবেশনের শুরুতে উপস্থিত প্রত্যেককে পরিচালনার জন্য প্রভুর কাছে যাজ্ঞা করুণ।

প্রশ্ন, সিদ্ধান্ত অথবা সমস্যার মত যে বিষয়গুলো নিয়ে কাজ করার জন্য আপনার বিশেষ শক্তি ও প্রজ্ঞার প্রয়োজন হবে, অধিবেশন চলাকালীন সেই বিষয়গুলো নিয়ে প্রার্থনা করুন।

অধিবেশনের শেষে আপনি যে পরিকল্পনা করেছেন, সেইভাবে আপনার এবং আপনার দল যেন কাজ করতে পারেন, তার জন্য প্রভুর কাছে শক্তি প্রার্থনা করুন।

**২) প্রতিটি প্রশিক্ষার্থীর তালিকা তৈরী করুন। প্রত্যেককে তিনি এবং তার দল কি করছেন সেই বিষয়ে বলতে বলুন।**

নতুন পালকদের তাদের সাফল্য এবং ব্যর্থতার বিষয়গুলোর বিবরণ দিতে অনুরোধ করুন।

অধিবেশনের পূর্বে তার পরিকল্পনার সঙ্গে তার কার্যবিবরণীর তুলনা করুন।

**৩) প্রত্যেকের ক্ষেত্রের কাজের বিষয়ে পরিকল্পনা করুন**

পরবর্তী সপ্তাহে অথবা মাসে প্রত্যেক প্রশিক্ষার্থী এবং তার দল কি কি কাজ করবেন সেই বিষয়ে তাদের পরিকল্পনা করতে সাহায্য করুন।

প্রশিক্ষার্থীগণ তাদের দলকে দিয়ে যে সকল প্রয়োজনের বিষয় উল্লেখ করেছেন, তার সঙ্গে সম্পর্কযুক্ত কাজের বিষয় পরিকল্পনা করুন।

প্রশিক্ষার্থীগণ তাদের দলকে দিয়ে যে সকল কাজ করাবেন বলে একমত হয়েছেন, সেই কাজগুলো লিখে রাখুন।

সমস্যার বিষয় অধিক চিন্তা করে সময় নষ্ট করবেন না। সর্বদা নতুন নতুন কাজের বিষয় পরিকল্পনা করুন।

সমস্যার প্রতি সাড়া দান করে 'শয়তানের সঙ্গে নৃত্য' করবেন না। দল যে কাজগুলো এখন করে নি, সেই সকল কাজের বিষয় উদ্যোগ গ্রহণ করুন এবং যে কাজগুলো দুর্বল আছে সেগুলোকে শক্তিশালী করার চেষ্টা করুন। সদর্থক বিষয়গুলোতে মনোযোগ দানের মাধ্যমে দলকে গড়ে তুলুন।



**''আমার সুরে নৃত্য কর!''**

প্রশিক্ষণ এবং প্রশিক্ষার্থী উভয়ের কাছেই এই পরিকল্পনা প্রতিলিপি থাকবে এবং তারা সেগুলো পরবর্তী অধিবেশনে পেশ করবেন।

**৪) পূর্ববর্তী পরামর্শদানের অধিবেশনের প্রদত্ত অধ্যয়ণগুলোর পর্যালোচনা।**

প্রশিক্ষার্থী তার পাঠ্য বিষয় থেকে কি শিখেছেন তা জিজ্ঞাসা করুন। তাকে এ বিষয়ে কথা বলতে দিন।

তিনি যদি অধ্যয়ণটি ভালভাবে না পড়ে থাকেন, তবে তাকে আবার পড়তে বলুন। বর্তমান অধ্যয়ণটি ভালভাবে না শেখা পর্য্যন্ত তাকে অন্য অধ্যয়ণ দেবেন না।

শিক্ষার্থীগণ যে বিষয় অধ্যয়ণ করেছেন, সেই বিষয়ে তাদের কথা বলতে দিন।

**৫) বর্তমান প্রয়োজনসমূহ এবং সেবার সুযোগের সঙ্গে মানানসই অধ্যয়ণ দান করুন।**

সমস্ত প্রশিক্ষার্থীদের একই অধ্যয়ণ দেবেন না। প্রতিটি প্রশিক্ষার্থীকে তার দলের প্রয়োজন ও সেবার সুযোগের সঙ্গে মানানসই অধ্যয়ণের কাজ দিন।

নতুন শিক্ষার্থীদের একটি মাত্র অধ্যয়ণ দিন, নতুবা আপনি দীর্ঘসময় তাদের সঙ্গে সাক্ষাৎ করতে পারবেন না।

পৌল- তীমথি ব্যবহারিক তালিকা ব্যবহার করুন (নির্দেশ ২)

# আপনার পরিকল্পনাগুলো লিখুন

আপনি অধিবেশনে আপনার প্রশিক্ষার্থীদের সঙ্গে ওপরের যে পাঁচটি বিষয় করবেন, অনুগ্রহ করে সেগুলো মুখস্ত করুন এবং নিচে মন থেকে সেগুলো লিখুন ঃ

১. ____________________

২. ____________________

৩. ____________________

৪. ____________________

৫. ____________________

আপনি আপনার প্রশিক্ষার্থীদের জন্য কিভাবে পৌল-তীমথিয় অধ্যায়ণগুলো বজায় রাখবেন ?

____________________________________________

____________________________________________

____________________________________________

____________________________________________

# নির্দেশবলী ৯. পৌল তীমথিয় অধ্যায়ণগুলো এমনভাবে ব্যবহার করুন যেন তা তৎক্ষণাৎ প্রয়োগের নিশ্চয়তা দান করে


নতুন নেতাদের জন্য প্রতিটি পৌল-তীমথিয় অধ্যায়ণের তিনটি অংশ আছেঃ-

১. বাইবেল অধ্যায়ণের মাধ্যমে নিজেকে প্রস্তুত করুন।

২. আগামী সপ্তাহের কার্যকলাপগুলোর বিষয়ে পরিকল্পনা করুন।

৩. আসন্ন আরাধনার সময়ের জন্য পরিকল্পনা করুন।

**১) বাইবেল অধ্যয়ণের মাধ্যমে নিজেকে প্রস্তুত করুন।**



আপনি কি করবেন এবং কিভাবে ইহা করবেন সেই বিষয়ে নির্দেশের জন্য শাস্ত্র ব্যবহার করুন।


আপনি কিভাবে শিক্ষাদেবেন, সুসমাচার প্রসারিত করবেন, সংগঠিত করবেন এবং আরাধনা করবেন সেই বিষয়ে পরিচালনার জন্য ঈশ্বরের বাক্য ব্যবহার করুন। কেবলমাত্র আপনার শিক্ষাদানের পাঠ্যবিষয়গুলোই ব্যবহার করবেন না।

প্রতিটি অধ্যায়ণে ঈশ্বরের বাক্য থেকে বিভিন্ন বিষয় খুঁজে বের করার জন্য তালিকা অন্তর্ভূক্ত করা হয়েছে। পরবর্ত্তী আরাধনার সময় আপনি সেই বিষয় খুঁজে বের করার জন্য তালিকা অন্তর্ভূক্ত করা হয়েছে। পরবর্ত্তী আরাধনার সময় আপনি সেই বিষয়গুলো শিক্ষা দিতে পারেন এবং আপনি যে বিষয়গুলো খুঁজে বের করতে বলেছেন, সেই বিষয়গুলো সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করুন।

**২) আগামী সপ্তাহের কার্যকলাপের বিষয়ে পরিকল্পনা করুন।**

প্রতিটি অধ্যায়ণে কিছু ঐচ্ছিক কাজের বিষয় তালিকা প্রদত্ত হয়েছে যা আপনি এবং আপনার দল পরবর্তী সপ্তাহব্যাপী করতে পারেন। বর্তমান প্রয়োজনগুলো এবং স্থানীয় রীতির সঙ্গে মানানসই কার্যকলাপগুলো বাছুন। অন্যগুলো বাদ দিন।

আরাধনার সময় পরিকল্পনাগুলো ঘোষণা করুন এবং ব্যাখ্যা করুন। বিশ্বাসীদের এই সকল ভিন্ন পরিচর্যগুলোর মাধ্যমে খ্রীষ্টের সেবা করতে সক্ষম করুন।




আরাধনার সময় আপনার শিক্ষা বিশ্বাসীদের এই কাজগুলো করতে সাহায্য করবেন। যদি কোন ব্যাক্তি ব্যবহারিক ভাবে এবং এর সঙ্গে সংযুক্ত কর্ত্তব্য ব্যতীত কোন মতবাদ শিক্ষা দেন, তবে তিনি ঈশ্বরের বাক্য অপব্যবহার করবেন (যাকোব ১ঃ২২; ইফি ২ঃ৮-১০; ২ তীম ৩ঃ১৬-১৭)।

আশীর্ব্বাদের জন্য সপ্তাহ ব্যাপী বিশ্বাসীগণ কি করবেন সেই বিষয়ে পূর্বেই সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন ঃ-

- পারস্পরিক (গালা ৫ঃ১৩),
- প্রত্যেক পরিবার (ইফিষীয় ৫ঃ২১-৩৩; ৬ঃ১-৪),
- তাদের চর্তুদিকের সমাজ (মথি ৫ঃ১৩-১৪) এবং
- অন্য উপাসক মণ্ডলীসমূহ (প্রেরিত ১৫ঃ৪১)

**৩) আসন্ন আরাধনার সময়ের জন্য পরিকল্পনা।**

আপনার প্রতিটি প্রশিক্ষার্থীর দল এবং শিশুরা যেন আরাধনায় অংশ গ্রহণ করেন এবং তাদের আত্মিক অনুগ্রহ দানগুলোর ব্যবহারের দ্বারা পরস্পরকে গঠন করেন, সেই বিষয়ে নিশ্চিত হন। শিশুদের জন্য পৌল-তীমথিয় অধ্যয়ণগুলো তাদের বাইবেলের গল্পগুলো নাটক করতে, কবিতা এবং গীত সংহিতার পদ আবৃত্তি করতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে প্রস্তুত করে।

দিয়াবল নতুন পালকদের কানে ফিস্‌ফিস্‌ করে বলে, "তোমার দল খুব ছোট, সুতরাং অতো ভালো করে পরিকল্পনা করার দরকার নেই।" পালকেরা যখন তাদের দলকে সর্বশক্তিমান ঈশ্বরের উপস্থিতির মধ্যে পারিচালিত করার জন্য প্রস্তুত করতে ব্যর্থ হন, তখন তারা পাপ করেন।



**"তোমার দল খুব ছোট, সুতরাং অতো ভালো করে।
পরিকল্পনা করার দরকার নেই! হা হা হা!"**

পৌল-তীমথিয় নেতৃত্ব প্রশিক্ষণ অসংখ্য আরাধনার কার্যকলাপের পরামর্শ প্রদান করে, কিন্তু আপনি আপনার এবং আপনার দলের প্রয়োজনের বিষয়গুলো মনোনীত করুন। বাকীগুলো বাদ দিয়ে দিন।

### আপনার পরিকল্পনাগুলো লিখুন


আপনার প্রশিক্ষার্থীদের মধ্যে ব্যবহারের জন্য আপনি প্রথমে কোন্ কোন্ অধ্যায়ণগুলো পছন্দ করেছেন?

আপনার পরবর্তী আরাধনার জন্য আপনি কি কি পরিকল্পনা করেছেন?

পরবর্তী আরাধনার জন্য আপনার প্রশিক্ষার্থীগণ কি কি পরিকল্পনা করেছেন?

### নির্দেশনা ১০. প্রশিক্ষার্থীদের ভিন্ন ভিন্ন উপায়ে শিক্ষা দিতে সাহায্য করুন

যীশু এবং তাঁর প্রেরিতগণ শিক্ষাদানের ভিন্ন পদ্ধতি ব্যবহার করেছিলেন। পৌল অনুরোধ করেছিলেন প্রত্যেককে কোন না কোনভাবে অংশ গ্রহণ করতে হবে। ১ করি ১৪ঃ২৬ পদ পাঠ করুন, "তোমরা যখন সমবেত হও, তখন কাহারও গীত থাকে, কাহারও উপদেশ থাকে, কাহারও প্রত্যাদেশ থাকে, কাহারও বিশেষ ভাষা থাকে, কাহারও অর্থ ব্যাখ্যা থাকে ........।" এই ধরনের সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে পবিত্র আত্মা আরও শক্তিশালীরূপে কাজ করতে পারেন। পৌল-তীমথিয় অধ্যায়ণে আরাধনার সময়ের জন্য বিভিন্ন শিক্ষনীয় কার্যকলাপের বিষয় বর্ণনা করা হয়েছে।




চেয়ারগুলোকে বৃত্তাকারে অথবা অর্ধবৃত্তকারে সাজাতে হবে, যাতে প্রত্যেকে পরস্পরকে দেখতে পান।

আপনি যখন প্রশ্ন জিজ্ঞাসা করবেন এবং তাদের স্বাধীনভাবে উত্তর আলোচনা করতে দেবেন, তখন লোকেরা আরও শিখতে পারবেন।

কেবলমাত্র দু-একজনকেই সমস্ত কথা বলতে দেবেন না। এইভাবে সাড়া দিন;" এখন এমন একজন উত্তর দিন যিনি এখনও কিছু বলেন নি। আমরা চাই প্রত্যেক তাদের চিন্তাগুলো প্রকাশ করুন, উদাহরণ দিন অথবা প্রশ্ন জিজ্ঞাসা করুন।"

যারা লাজুক, তাদের জোড় করবেন না। তারা যদি নীরব থাকতে চান, তবে তাদের নীরব থাকতে দিন।



ক্ষুদ্র দলে কেবলমাত্র বক্তৃতার দানের বিষয়টি এড়িয়ে চলুন। বক্তৃতা দানের জন্য অভিজ্ঞতার প্রয়োজন এবং বড় দলে ইহা অধিক মানানসই হয়। নতুন পালকরা যখন বক্তৃতা দেন, বিশেষ করে তারা যদি কম বয়সী হন, তবে অনেক সময় তারা গর্বিত হয়ে যান। তারা তিরস্কার করেন, মতবাদী হয়ে যান এবং অর্থহীন নিয়মকানুন তৈরী করেন।

নাটকীয় ভাবে বাইবেল পাঠের দ্বারা কার্যকরীভাবে শাস্ত্র শিক্ষা করা যায়। অধিকাংশ নতুন পালকদের জন্য অধ্যয়ণগুলোতে এবং শিশুদের অধ্যয়ণগুলোতে অন্ততঃ একটি বাইবেলের গল্প অন্তর্ভূক্ত আছে যা নাটকীয়ভাবে পাঠ করা যায় বা অভিনয় করা যায়। বাইবেলের গল্পে যে কথোপকথনগুলো আছে তা অন্যদের পাঠ করতে দিন বা অভিনয় করতে দিন। উদাহরণ, একজন বর্ণনাকারী অপব্যায়ী পুত্রের গল্পটি পাঠ করতে পারেন (লূক ১৫ঃ১১-৩২), তাঁকে কথোপকথনের অংশগুলো পাঠ করতে হবে না। অন্যদের পিতা, কনিষ্ঠ পুত্র, জেষ্ঠপুত্র এবং দাসদের কথাবার্তাগুলো পড়তে দিন।

লোকদের সংক্ষিপ্ত নাটক উপস্থাপিত করতে দিন। বাইবেলের সত্যগুলো অভিনীত হলে লোকেরা আরও ভালভাবে শিখতে পারবেন। এমন কি তারা যদি নিজেরা নাটকটি অভিনয় করে, তবে তারা আরও ভালভাবে শিখতে পারবেন।

খুব ব্যপকভাবে উপস্থাপনের প্রয়োজন নেই, যার জন্য অনেক সাজপোষাকের এবং দীর্ঘ মহড়ার প্রয়োজন হতে পারে। এইভাবে করলে বাইবেলের সত্যগুলো অপেক্ষা নাটকটির দিকেই অধিক মনোযোগ আকর্ষিত হবে। অভিনেতারা যদি প্রাপ্ত বয়স্ক বা বড় শিশু হন, তবে তাদের পাঠ মুখস্থ না করলেও চলবে, কি করতে হবে বা বলতে হবে সেই ধারণাটি মনে রেখে সেই ভাবে উপস্থাপন করলে আরও ভাল হবে। উদাহরণ, অপব্যয়ী পুত্রের গল্পটির নাটক করার সময় বর্ণনাকারী সংক্ষেপে নাটকটি পাঠ করবেন, তারপর বলবেন, ''শুনুন, অপব্যয়ী পুত্র কি বলছেন।'' তারপর অপব্যায়ী পুত্র তার অংশটি পাঠ করবেন অথবা বলবেন অথবা নিজের কথায় তার অংশটি বলবেন। দুজন শিশু হৃষ্টপুষ্ট বাছুরের ভূমিকায় অভিনয় করতে পারে। তাদের শরীর একটা কম্বল দিয়ে ঢেকে দিতে হবে, তারপর তারা হামাগুড়ি দিয়ে হাম্বা হাম্বা করে গরুর মত ডাকতে ডাকতে চারিদিকে ঘুরবে।


সর্বদা প্রভাবশালী এবং প্রায়শঃ উদ্ধৃত প্রচারের বিষয় বিবেচনা করুন। সমুদ্র সৈকতে অসংখ্য জনতার মধ্যে শিক্ষাদানের পর যীশু বারজন শিষ্যকে নিয়ে পর্ব্বতে আরোহন করেছিলেন, যেখানে কোন বেদীমূল বা চেয়াড় ছিল না। তিনি বসেছিলেন এবং ঘনিষ্ঠভাবে কথা বলেছিলেন যা যীশুর পর্ব্বতে দত্ত উপদেশ হিসাবে অভিহিত হয়েছে (মথি ৫-৭ অধ্যায়)।

### আপনার পরিকল্পনাগুলো লিখুন

আপনার দল পরবর্তী সময় যখন মিলিত হবেন, তখন তাদের কি শিক্ষাদানের বিষয় পরিকল্পনা করেছেন?

পরবর্তী আরাধনার সময় আপনি কিভাবে শিক্ষা দেবেন যাতে শিশু সহ বিশ্বসীরা ঈশ্বরের বাক্য উপস্থাপনে আরও সক্রিয়ভাবে অংশ গ্রহন করতে পারবে?

## নির্দেশ ১১. বাইবেলসম্মত ভাবে নতুন পালকদের ক্ষমতা প্রদান



বাইবেল সম্মতভাবে নতুন পালকদের ক্ষমতা প্রদানের বিষয়টি হল তাদের ওপর হস্তার্পন করা এবং স্থায়ী ক্ষমতার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করা।

তাদের প্রচীনদের মত হতে হবে, যারা ১তীম ৩ঃ১-৭ পদে তালিকাভুক্ত যোগ্যতাগুলো পূরণ করবেন এবং যার মধ্যে নতুন ধর্মান্তরিতগণ অন্তর্ভূক্ত হবেন না। ক্ষমতা প্রদানের পূর্বে তাদেরকে স্থায়ী পালকীয় প্রাচীন রূপে নিজেদেরকে প্রমাণ করতে হবে।



কিছু মণ্ডলী বাইবেল কলেজ থেকে ঈশ্বরত্বে শিক্ষিত যুবকদের পালকদেরপদে নিযুক্ত করেন, যারা শাস্ত্রের চাহিদা অনুসারে নিজেদের প্রমাণিত করেন নি অথবা যাদের মধ্যে সামাজিক সম্মানের অভাব আছে।

লোকেরা যখন নতুন নেতাদের জন্য মানুষের তৈরী চাহিদাগুলো যোগ করেন, অথবা বাইবেলের চাহিদাগুলো অনুসরণ করতে ব্যর্থ হন, তখন তার ফল মন্দ হয় এই উভয় ত্রুটিঈশ্বরের লোকদের জীবনে দূর্দশা নিয়ে আসে।

প্রচলিত ক্ষমতা প্রদানের হস্তার্পনের জন্য বাইবেলের চাহিদাগুলো পূরণ করতে না পারলেও নতুন নেতাদের প্রশিক্ষন দিন, কারণ কোন প্রশিক্ষন ছাড়া তারা হয়তো কখনও এই চাহিদাগুলো পূরণ করতে পারবেন না। এক জন অধিক অভিজ্ঞতা সম্পন্ন নেতার তত্ত্বাবধানে এই ধরনের নেতারা তাদের নিজ পরিবারকে এবং ক্ষুদ্র অন্বেষীদলকে অথবা নতুন উপাসকমণ্ডলীতে যুক্ত নতুন নেতাদের মধ্যে পালকের কাজ করতে পারবেন। এর পরেও যদি তারা অযোগ্য থাকেন তবে তাদেরকে স্বীকৃত প্রাচীনরূপে গণ্য করা উচিৎ নয়, কিন্তু তাদের অস্থায়ী পালকরূপে পরিচর্যাকাজে ব্যবহার করা যায়।

## আপনার পরিকল্পনাগুলো লিখুন

যাদের আপনি শিক্ষা দিয়েছেন সেই নতুন পালকদের মধ্যে কে প্রচলিত ক্ষমতা প্রদানের বিষয় প্রস্তুত আছেন?

Copyright 2003 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net